গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং- ৩০/আভি, তারিখঃ ২৫ /০৪/২০২২ খ্রিঃ

সভার নোটিশ

লাকসাম উপজেলার "আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির এপ্রিল/২০২২ মাসের সভা জনাব পড়শী সাহা, মহিলা ভাইস চেয়ারম্যান এঁর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে আগামী ২৮/০৪/২০২২ খ্রি. তারিখে বেলা ১০:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ
১। গত সভার কার্য বিবরণী পাঠ।
২। উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত আলোচনা।
৩। বিবিধ।

25/04/2022

অজিত কুমার দাস
(পি এ এম)
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা
ও
সদস্য সচিব
উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা।

প্রাপক,

....
লাকসাম, কুমিল্লা

স্মারক নং- ৩০/আভি, তারিখঃ ২৫ /০৪/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
৫। অফিস কপি।

25/04/2022

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা
ও
সদস্য সচিব
উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা

উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি'র এপ্রিল/২০২২ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব পড়শী সাহা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান এঁর অফিস কক্ষ, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
তারিখ ঃ ২৮-০৪-২০২২ খ্রিঃ, সময় ঃ সকাল ১০:৩০ ঘটিকা।

আলোচ্যসূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পাঠ।
১। উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত আলোচনা।
২। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অত:পর আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির এ সভা পরিচালনার জন্য সদস্য সচিব ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করেন। অত:পর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার সঞ্চালনায় উপস্থিত কমিটির অন্যান্য সদস্যদের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয় গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ ঃ	ঃ	বিবরণী	ঃ	সদস্য সচিব সকলকে শুভেচ্ছা জানিয়ে গত ২১-০২-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পেশ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন রয়েছে কিনা সভায় জানতে চান।
		সিদ্ধান্ত	ঃ	আলোচনাক্রমে কোনরূপ সংশোধনী ছাড়াই কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।
		বাস্তবায়নে	ঃ	--
অতঃপর গত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে পর্যায়ক্রমে আলোচনা ও অদ্যকার কার্যপত্র/আলোচ্যসূচী সম্পর্কিত আলোচনা অনুষ্ঠিত হয়।				
আলোচনা-১	ঃ	বিবরণী	ঃ	চেয়ারম্যান, কান্দিরপাড় ইউপি সভায় জানান যে, বর্তমানে লাকসামের আইনশৃংলা পরিস্থিতি অনেকটা ভালো, তবে দৌলতগঞ্জ বাজারের উপর অত্র উপজেলার ৮ টি ইউনিয়ন পরিষদ নির্ভরশীল। উক্ত বাজারের যানজট সমস্যা প্রকট আকার ধারণ করেছে। রাস্তায় মানুষ হাটা চলা করতে পারে না। তাই দৌলতগঞ্জ বাজারকে যানজটমুক্ত রাখতে পারলে লাকসাম পৌরসভাসহ ৮ টি ইউনিয়নে সুশৃঙ্খলা ফিরে আসবে।
		সিদ্ধান্ত	ঃ	বিস্তারিত আলোচনান্তে লাকসাম দৌলতগঞ্জ বাজারে সুশৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য বাজারকে যানজটমুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়
		বাস্তবায়নে	ঃ	উপজেলা প্রশাসন, লাকসাম পৌরসভা ও অফিসার ইনচার্জ লাকসাম থানা
আলোচনা-২	ঃ	বিবরণী	ঃ	চেয়ারম্যান, আজগরা ইউপি, তিনি তার বক্তব্যে বলেন যে, পৌরসভাতে বাইপাস রাস্তায় যানজট বেশি হচ্ছে। উপকুল বাস সার্ভিস ও কুমিল্লা সুপার বাস দীর্ঘক্ষণ দাড়িয়ে থাকার কারণে সৃষ্ট যানজটের ফলে জনদুর্ভোগ বাড়ছে। তিনি এই বিষয়ে অফিসার ইনচার্জ, লাকসাম থানার দৃষ্টি আকর্ষন করেন।
		সিদ্ধান্ত	ঃ	বিস্তারিত আলোচনান্তে উপকুল বাস সার্ভিস ও কুমিল্লা সুপার বাস দীর্ঘক্ষণ দাড়িয়ে থাকার কারণে সৃষ্ট যানজটের ফলে জনদুর্ভোগ কমানোর জন্য অফিসার ইনচার্জ লাকসাম থানাকে বলা হয়।
		বাস্তবায়নে	ঃ	লাকসাম থানা পুলিশ, চেয়ারম্যান (সকল)।
আলোচনা-৩ সার্বিক আইন শৃঙ্খলা		বিবরণী		অফিসার ইনচার্জ, লাকসাম থানা বলেন যে, লাকসাম উপজেলার সকলের আন্তরিক সহযোগিতায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। মাদক ক্রয় ও বিক্রয়ের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। তিনি গরু চুরি, মোবাইল চুরি ও মোটর সাইকেল চুরিসহ অন্যান্য অপরাধ দমনে পাহারাদারদের সজাগ থাকতে বলেন চুরি, ছিনতাই ও মাদকের বিষয়ে সকলকে সজাগ ও সচেতন থেকে ঐক্যবদ্ধভাবে কাজ করার অনুরোধ জানান। যানজট নিরসনের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।
		সিদ্ধান্ত		মাদক ক্রয় ও বিক্রির বিষয়ে সকলকে একসাথে কাজ করার ও পুলিশকে তথ্য প্রদানে সহায়তা করার জন্য অনুরোধ জানানো হয় এবং গরু চুরি, মোবাইল চুরি ও মোটর সাইকেল চুরিসহ অন্যান্য অপরাধ দমনে সকল জনপ্রতিনিধিদেরকে অফিসার ইনচার্জ, লাকসাম থান কে সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। হয়।
		বাস্তবায়নে		লাকসাম থানা পুলিশ ও সংশ্লিষ্ট চেয়ারম্যান।

সভাপতির সার্বিক মন্তব্য	ঃ	বিবরণী	ঃ	সভাপতি প্রানবন্ত আলোচনা পেশ করার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। কোভিড-১৯ এর ভ্যাকসিন যাতে জনসাধারন ব্যাপক হারে গ্রহন করেন এ জন্য তিনি সকলকে যার যার জায়গা থেকে জনসাধারনকে উৎসাহিত করার জন্য বলেন। পাশাপাশি অদ্যকার সভার সিদ্ধান্তসমূহ সফলভাবে বাস্তবায়নের জন্য সকলকে উদাত্ত আহ্বান করেন।
		সিদ্ধান্ত	ঃ	--
		বাস্তবায়নে	ঃ	--

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(পড়শী সাহা)
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
লাকসাম, কুমিল্লা ।

স্মারক নং-৩৫/আভি ,   তারিখঃ ২৮ /০৪/২০২২ খ্রিঃ

অনুলিপি ঃ (সদয় জ্ঞাতার্থে)-

১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ।
২।উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা ।
৩।চেয়ারম্যান, কান্দিরপাড়/আজগরা ইউপি, লাকসাম, কুমিল্লা ।
৪।জনাব .... লাকসাম, কুমিল্লা ।
৫।অফিস কপি।

২৮/০৪/২০২২

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা
ও
সদস্য সচিব
উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা

উপজেলা আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি'র এপ্রিল/২০২২ মাসের সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা

তারিখ ঃ ২৮-০৪-২০২২ খ্রিঃ, সময় ঃ সকাল ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক"

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম,কুমিল্লা।	সভাপতি	
০২	অফিসার ইনচার্জ, লাকসাম থানা, লাকসাম,কুমিল্লা।	সদস্য	
০৩	চেয়ারম্যান, কান্দিরপাড় ইউনিয়ন পরিষদ, লাকসাম,কুমিল্লা।	সদস্য	
০৪	চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন পরিষদ, লাকসাম,কুমিল্লা।	সদস্য	
০৫	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা , লাকসাম,কুমিল্লা।	সদস্য-সচিব	